



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
চেয়ারম্যানের দপ্তর



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০১.২০.৬০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

০৩ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে সঠিক ধারণা প্রদান ও তাঁর মহান আত্মত্যাগকে তুলে ধরতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করতে হবে। এ লক্ষ্যে শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামা', 'আমার দেখা নয়া চীন', 'সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩-৮-২০২২

প্রফেসর ড. মোঃ আহসান হাবীব

চেয়ারম্যান

ফোন: ০৪২১৬৮৬৪০

ইমেইল:

chairman@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

- ৪) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) অধ্যক্ষ এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়
- ৬) জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৮) প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়
- ৯) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর